

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)

আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

www.birtan.gov.bd

স্মারক নং- ১২.০৯.০০০০.০০৫.২৫.০০২.২৪- ৫৩

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২
১০ সেপ্টেম্বর ২০২৫

বিষয়ঃ সুস্বাস্থ্যের জন্য ফলিত পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বারটান দেশে খাদ্য ও পুষ্টি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়ন তথা প্রয়োজনীয় সুখম খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে কৃষি সেক্টরে খাদ্যাভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। খাদ্যাভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও মাঠ গবেষণা লক্ষ্যে কাজে লাগিয়ে স্বল্প মূল্যে পুষ্টিমান সমৃদ্ধ খাবার গ্রহণ, সুখম খাবার নির্বাচন, বয়স ও রোগভিত্তিক খাদ্য নির্বাচন, বিভিন্ন খাদ্যের পুষ্টিমান বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমস্যা নিরসনে ভূমিকা রেখে জাতীয় উন্নয়নে বারটান অবদান রাখছে। এরই অংশ হিসেবে বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর “কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)” শীর্ষক প্রকল্পের ব্যবস্থাপনায় আগামী ১৫-১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনব্যাপী ০২ (দুই) ব্যাচ (প্রতি ব্যাচে ৩০জন) “সুস্বাস্থ্যের জন্য ফলিত পুষ্টি” বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম যশোর জেলার শার্শা উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরণ ও সংখ্যা নিম্নে উল্লেখ করা হলোঃ

ব্যাচ	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর সংখ্যা	সর্বমোট প্রশিক্ষণার্থী	মন্তব্য
০১.	মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা	০১ জন	৩০ জন	* ০৩ দিনব্যাপী ২ ব্যাচ প্রশিক্ষণ আলাদা ভেন্যুতে আয়োজন করার জন্য অনুরোধ করা হলো।
	উপসহকারী কৃষি কর্মকর্তা	০৭ জন		
	মাধ্যমিক পর্যায়ের শিক্ষক-শিক্ষিকা (বিজ্ঞান/কৃষি শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান/শারীরিক শিক্ষা)	১২ জন		
	উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার/স্বাস্থ্য সহকারী/ কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি)	০৪ জন		
	তথ্য আপা	০২ জন		
	ইমাম/পুরোহিত	০২ জন		
	এনজিও কর্মী (পুষ্টি বিষয়ক কাজের সাথে জড়িত)	০২ জন		
০২.	কৃষাণ-কৃষাণী	পুরুষ-১৫ জন, মহিলা-১৫ জন	৩০ জন	

উল্লেখ্য, প্রকল্পের অনুমোদিত বাজেট অনুযায়ী ব্যাচ-০১ এর প্রশিক্ষণার্থীবৃন্দ [উপসহকারী কৃষি কর্মকর্তা, শিক্ষক-শিক্ষিকা ও অন্যান্য] প্রশিক্ষণ ভাতা হিসেবে মাথাপিছু দৈনিক শুধুমাত্র ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মাত্র এবং ব্যাচ-০২ এর প্রশিক্ষণার্থীবৃন্দ [কৃষাণ-কৃষাণী] প্রশিক্ষণ ভাতা হিসেবে মাথাপিছু দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা ও যাতায়াত ভাতা হিসাবে ১০০/- (একশত) টাকা মাত্র প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন এবং অন্যান্য রিসোর্স পার্সন (বারটান-এর কর্মকর্তা ব্যতীত) মনোনয়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও বারটান হতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের আগামী ১৫ সেপ্টেম্বর হতে ১৭ সেপ্টেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত শার্শা উপজেলায় সরকারি ব্যবস্থাপনামীন আবাসনের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

Jasina
২০/০৯/২০২৫

তাসনীমা মাহজাবীন
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প
ব্যবস্থাপক

উপজেলা কৃষি কর্মকর্তা
শার্শা, যশোর।

অনুলিপি বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক (উপসচিব), বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর।

০৩। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ।

০৫। মনিটরিং অফিসার, কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)।

০৬। হিসাব শাখা [কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (বারটান-অংগ)]।

০৭। আইসিটি শাখা, বারটান প্রধান কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।

০৮। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।